



স্মারক নং: টিএসসি/টেকনাফ/অতিথি-বক্তা-নিয়োগ/২০২৩/১২১

তারিখ: ০৩/০১/২০২৩ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি (অতিথি বক্তা)-২০২৩

১০০ টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (প্রথম সংশোধিত) প্রকল্পের আওতায় নবনির্মিত সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্লাস পরিচালনার জন্য অতিথিবক্তা সম্পৃক্তকরণ নীতিমালা-২০২১ এর আলোকে টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অতিথিবক্তা নিয়োগের জন্য আগামী ০৪/০১/২০২৩ তারিখ হইতে ১৫/০১/২০২৩ এর মধ্যে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্র.নং | পদের নাম   | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা   | সম্মানী  |
|--------|--|-------------|--|--|
| ১      | অতিথি বক্তা (আইসিটি)/ কম্পিউটার)                 | ৪টি         | সংশ্লিষ্ট বিষয়/ টেকনোলজিতে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ধারী হতে হবে। | ১। প্রতি পিরিয়ড (৫০ মিনিট) সম্মানীর হার ৪০০/- টাকা<br>২। একজন অতিথিবক্তা প্রতিমাসে সর্বোচ্চ ৯৬ টি ক্লাস নিতে পারবেন।<br>৩। বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।<br>৪। এ্যাকাউন্ট পে চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। |
| ২      | অতিথি বক্তা (জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস)     |             |  |  |
| ৩      | অতিথি বক্তা (মেশিন অপারেশন বেসিকস)/ মেকানিক্যাল) |             |  |  |
| ৪      | অতিথি বক্তা ( পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং)    |             |  |  |
| ৫      | অতিথি বক্তা (গণিত)                               | ০১ টি       | সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ সহ স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।                                      |  |
| ৬      | অতিথি বক্তা (পদার্থ)                             | ০১ টি       |  |  |
| ৭      | অতিথি বক্তা (বাংলা, সমাজ)                        | ০১ টি       |  |  |

### অভিজ্ঞতা ও শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে শিল্প প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ/টেকনিক্যাল স্কুল ও কলেজ/পলিটেকনিক ইন্সটিটিউট এর অবসর প্রাপ্ত শিক্ষকগণকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে এবং কক্সবাজার পলিটেকনিক হতে পাশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- সংশ্লিষ্ট বিষয়/ টেকনোলজিতে অভিজ্ঞতা সম্পন্ন স্থানীয় পর্যায়ের দপ্তর সমূহের কর্মরত কর্মকর্তাবৃন্দ।
- সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সহ NTVQF সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনপত্রের সাথে ২ কপি পিপি সাইজ রঙিন ছবি, এনআইডি কার্ড, চারিত্রিক সনদ, জন্ম সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- আবেদন পত্র আগামী ১৫/০১/২০২৩ খ্রিঃ বিকাল ৪ ঘটিকার মধ্যে অধ্যক্ষ, টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনাফ, কক্সবাজার এর ঠিকানায ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে।
- আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে 'অধ্যক্ষ, টেকনাফ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, টেকনাফ, কক্সবাজার' বরাবর ৫০০ (পাঁচশত টাকা) অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তির শর্তপূরণে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আগামী ১৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীদের বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা ২৮/০১/২০২৩ খ্রিঃ শনিবার সকাল ১০ ঘটিকায় টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেকনাফ, কক্সবাজার -এ অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে।
- আগামী ৩০/০১/২০২৩ খ্রিঃ তারিখে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ পত্র দেওয়া হবে।
- অতিথিবক্তাগণ কেবল মাত্র আমন্ত্রণের শ্রেণিতে একাডেমিক কার্যক্রমে সম্পৃক্ত হবেন।
- নিয়োগ পরীক্ষার জন্য কোন প্রার্থী টিএ/ডিএ প্রাপ্য হবে না।
- এ নিয়োগ ব্যবস্থা সম্পূর্ণ সাময়িক। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ সংক্রান্ত নীতিমালা পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন/ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- '৩২৫৭২০-কোড' উপখাতে বাজেট পাওয়া সাপেক্ষে সম্মানী প্রদান করা হবে।

প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও সদস্য সচিব,  
অতিথি বক্তা সম্পৃক্তকরণ কমিটি ২০২২

টেকনাফ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ  
টেকনাফ, কক্সবাজার।